

তথ্যবিবরণী

নম্বর:৮৯

পাঠ্যপুস্তক বিতরণের মাধ্যমে ময়মনসিংহে বই উৎসব উদযাপিত

ময়মনসিংহ (সোমবার, ০১ জানুয়ারি ২০২৪ খ্রি.);

ময়মনসিংহে ২০২৪ সালের প্রথম দিনে বই বিতরণের উৎসব উদযাপিত হয়েছে। ময়মনসিংহ বিভাগের জেলা ও উপজেলার বিভিন্ন সরকারি-বেসরকারি বিদ্যালয়ে উৎসবের আয়োজন করে শিক্ষার্থীদের মধ্যে নতুন বই বিতরণ করে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা বিভাগ।

সোমবার (০১ জানুয়ারি) নগরীর ১১৬ নং নওমহল প্রাথমিক বিদ্যালয়ে পাঠ্যবই উৎসবের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ময়মনসিংহ বিভাগের বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়া।

ময়মনসিংহ বিভাগের প্রাথমিক শিক্ষার বিভাগীয় উপ-পরিচালক মোহাম্মদ আলী রেজার সভাপতিত্বে বই বিতরণ উৎসবে আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) মোহাম্মদ আজিজুর রহমান, জেলা প্রশাসক দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী, জেলা শিক্ষা অফিসার মোঃ শহিদুল ইসলাম, সহকারী পরিচালক তাহমিনা খাতুনসহ ছাত্র-ছাত্রী, শিক্ষকমন্ডলীগণ, অভিভাবকবৃন্দ, বিশিষ্টজন ও গণমাধ্যমকর্মীরা।

এদিকে ময়মনসিংহ জিলা স্কুলের উদ্যোগে স্কুল মাঠ প্রাঙ্গণে বই উৎসব অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিদ্যালয়ের প্রধান শিক্ষক অনিমা রানী সাহার সভাপতিত্বে বই উৎসবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী।

প্রসঙ্গত, ময়মনসিংহ জেলায় মোট প্রাথমিক বিদ্যালয় রয়েছে ৪ হাজার ২ শত ৩৭ টি। এতে মোট শিক্ষার্থী ৬ লাখ ৯২ হাজার ৩০০ জন। নতুন বইয়ের প্রাপ্তির সংখ্যা ৩৫ লাখ ৮১ হাজার ৮৪০।

সামগ্রিকভাবে ২০২৪ শিক্ষাবর্ষে পাঠ্যপুস্তক বিতরণ করা হবে এমন শিক্ষার্থীর সংখ্যা: প্রাক-প্রাথমিক শ্রেণির ৩০,৯৬,৯৩৯ (ত্রিশ লক্ষ ছিয়ানব্বই হাজার নয়শত উনচল্লিশ) জন, প্রাথমিক স্তরের ১,৮০,৭০,৫৯৪ (এক কোটি আশি লক্ষ সত্তর হাজার পঁচশত চুরানব্বই) জন এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ৮৪,৪৭৩ (চুরাশি হাজার চারশত তিয়াত্তর) জন। সর্বমোট ২,১২,৫২,০০৬ (দুই কোটি বারো লক্ষ বায়ান্ন হাজার ছয়) জন শিক্ষার্থীর মাঝে ৯,৩৮,০৩,৬০৬ (নয় কোটি আটত্রিশ লক্ষ তিন হাজার ছয়শত ছয়) টি পাঠ্যবই বিতরণ করা হবে। তাছাড়া শিক্ষকদের ৪০ লাখ ৯৬ হাজার ৬২৮টি 'শিক্ষক সহায়িকা' দেওয়া হচ্ছে।

২০২৪ সালে সারাদেশের প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে প্রায় ৩ কোটি ৮১ লক্ষ ২৮ হাজার ৩২৪ জন শিক্ষার্থীর মাঝে ৩০ কোটি ৭০ লক্ষ ৮৩ হাজার ৫১৭টি বই বিতরণ করা হয়।

ময়মনসিংহে প্রায় ৬ লক্ষ ৫৫ হাজার ৮৩৫ জন শিক্ষার্থীর হাতে প্রায় ৫১ লক্ষ ২ হাজার ৮৬৫ কপি বই তুলে দেওয়া হয়। বই উৎসবকে ঘিরে সারা দেশে কোমলমতি শিশুদের মধ্যে সৃষ্টি হয়েছে আনন্দ আর উচ্চাস।

#

হদা/মনির/দেওয়ান/রিদওয়ান/রেজভী ২০২৩/১৫:০০ ঘন্টা